

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪০.১৭- ১৭

তারিখঃ ১৫/০৯/২০১৮ খ্রি.

প্রজ্ঞাপন


যেহেতু, বেগম মমতাজ বেগম, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, লালমনিরহাট এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন মামলা নং-৪৮/১৬ রুজু হওয়ায় এবং উক্ত মামলায় অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, রংপুর কর্তৃক গত ১৭/১০/২০১৬ তারিখে জামিন আবেদন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণ করায় তাঁকে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫”-এর ১১ (১) বিধি মোতাবেক গত ২৭/১২/২০১৬ তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৯.২০১৬-১০০ নং স্মারকে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, বর্ণিত কর্মকর্তা তাঁর বিরুদ্ধে দায়ের হওয়া মামলা নং-৪৮/১৬ হতে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, রংপুর কর্তৃক গত ১৬/০১/২০১৮ তারিখের প্রদত্ত রায়ে নির্দোষ হিসেবে খালাসপ্রাপ্ত হন;

সেহেতু, “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি ১৪ (২) এবং বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর), পার্ট-১ এর বিধি-৭২ (ক) মোতাবেক সাময়িক বরখাস্তকৃত কর্মকর্তা বেগম মমতাজ বেগম, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, লালমনিরহাট-এর সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহারপূর্বক তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্মকাল হিসেবে গণ্য করা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(জি. এম. সালেহ উদ্দিন) ২৫/১২/১৮
ভারপ্রাপ্ত সচিব


(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪০.১৭-১৭/১(১২)

তারিখঃ ২৬/০৯/২০১৮ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রানালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, লালমনিরহাট।
- ৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, লালমনিরহাট।
- ✓ ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৯। বেগম মমতাজ বেগম, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, লালমনিরহাট।


(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৬৬৭